

শেখ হাসিনা

ভোয়ের কাগজ

2-2 MAR 2003
2

যেসব শিক্ষা প্রতিষ্ঠানের ফলাফল সন্তোষজনক নয় সেগুলো বন্ধ করে দেওয়া হবে : শিক্ষা প্রতিমন্ত্রী

ডায়াম্যান প্রতিবেদক : শিক্ষা প্রতিমন্ত্রী আন ২ এছানুল হক মিলন বলেছেন, দেশের সাড়ে ৮ হাজার শিক্ষা প্রতিষ্ঠানে লেখাপড়া হয় না। ফলে এসব প্রতিষ্ঠানে পরীক্ষার ফলাফলও সন্তোষজনক নয়। শিগগিরই এই সাড়ে ৮ হাজার শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ করার জন্য আশিঙ্কা করা হচ্ছে।

গতকাল ৩০তমবার বিকাশে বরিশাল জেলার সরকারি পৌরনদী কলেজ প্রাঙ্গণে কলেজের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০০৩ এবং নবনির্বাচিত কলেজ ছাত্র সংসদ সদস্যদের অভিষেক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে শিক্ষা প্রতিমন্ত্রী এছানুল হক মিলন এ কথা বলেন। সরকারি পৌরনদী কলেজের অধ্যক্ষ অধ্যাপক হুমায়ূদ হোসাইন বানের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন বরিশাল-১ আসনের সাংসদ জহির উদ্দিন স্বপন, বরিশাল শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যক্ষ আনোয়ারুল হক, পৌরসভার চেয়ারম্যান গোলাম সারওয়ার ফারুক, নির্বাহী কর্মকর্তা রমজান আলী। সভায় স্থানীয় বিএনপি, যুবদল, ছাত্রদল ও নবনির্বাচিত ছাত্র সংসদের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

শিক্ষা প্রতিমন্ত্রী বলেন, শিক্ষা প্রতিষ্ঠানের ফলাফল ভালো হলে শিক্ষকদের পুরস্কৃত করা হবে। তবে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান থেকে নকল প্রতিযোগে সকলকে এগিয়ে আসতে হবে। তিনি বলেন, নকল করে পাস করা যায় কিন্তু ভালো ছাত্র হওয়া যায় না। যেসব শিক্ষা প্রতিষ্ঠানের পড়লেখার মান ও রেজাল্ট ভালো নয়- সেগুলো প্রয়োজনে বন্ধ করে দেওয়া হবে।

স্থানীয় সাংসদ জহির উদ্দিন স্বপন বলেন, এবারে বরিশাল জেলা যে কোনোভাবে নকলমুক্ত রাখা হবে। পরীক্ষার রেজাল্ট ভালো হোক না হোক নকল বন্ধ রাখতে হবে।